মেহেরপুর জেলা জুড়ে ভূমিকম্প অনুভূত

মেহেরপুর জেলার বিভিন্ন স্থানে ভূমিকম্প অনুভূত হয়েছে। আজ রবিবার (২৮ এপ্রিল) রাত ৮টা ৫ মিনিটের দিকে মেহেরপুর জেলার বিভিন্ন স্থানে মৃদু ভূমিকম্প অনুভূত হয়।

বামন্দী নিশিপুর এলাকার স্কুল শিক্ষক ফেরদৌস আহমেদ জানান, রাত ৮ টা ৫ মিনিটের দিকে মৃদু ভূমিকম্প অনুভূত হয়েছে। স্থায়িত্ব প্রায় ৪/৫ সেকেন্ড ছিলো। এসময় পরিবারের সবাইকে নিয়ে ঘরের বাইরে বেরিয়ে পড়ি। নওপাড়া গ্রামের আব্দুর রহমান নামের একজন জানান, এলাকায় ভূমিকম্প হওয়ায় মানুষজন ঘর থেকে বাইরে বের হয়ে আসেন।

মেহেরপুর শহরেও ভূমিকম্প অনুভূত হয়েছে বলে জানান শহরের হালদারপাড়া এলাকার সৌরভ ও শাহাবুদ্দিন।

গাংনী উপজেলা শহরের ব্যবসায়ী জাফর ও তার কর্মচারী ঝন্টু মিয়া বলেন, পরপর দুইবার ভূমিকম্প অনুভূত হয়েছে। প্রথমবার বুঝতে পারিনি। পরের বার যখন হয় ৫/৬ সেকেন্ড ছিলো। দোকানের সব মালামাল ঝাঁকুনি খেয়েছে।

ভূমিকম্পের উৎপত্তিস্থল এখনো জানা সম্ভব হয়নি বলে জানানি তিনি।

মেহেরপুরে ‘হিট স্ট্রোকে’ ব্যবসায়ীর মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে অতিরিক্ত গরমের কারণে অসুস্থ হয়ে আব্দুস সালাম (৫৫) নামে এক ভূঁষিমাল ব্যবসায়ীর মারা গেছেন।

আজ রোববার (২৮ এপ্রিল) বিকাল সাড়ে ৩ টার দিকে ভূঁষিমাল কিনে বাইসাইকেল যোগে বাড়িতে ফেরার সময় রাস্তাতে পড়ে গিয়ে হিট স্ট্রোক করে মারা যান তিনি।

আব্দুস সালাম মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের পশ্চিমপাড়া এলাকার কিতাব আলীর ছেলে।

তার স্বজনরা জানান, আব্দুস সালাম গ্রামের মধ্যে থেকে ভূঁষিমাল কিনে বাইসাইকেল চালিয়ে বাড়ি ফিরেছিলেন। পথের মধ্যে প্রচন্ড গরমে তিনি বাইসাইকেল থেকে পড়ে যান। পরে অচেতন অবস্থায় তাঁকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়া হলে জরুরি বিভাগের দায়িত্বরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক ডাঃ সউদ কবীর বলেন, হাসপাতালে আসার আগেই তিনি মারা গেছেন। তার পারিবারের লোকজন মারা যাওয়ার যে বর্ণনা দিয়েছেন তাতে ‘ধারণা করা হচ্ছে অতিরিক্ত গরমে আব্দুস সালাম ‘হিট স্ট্রোকে’ মারা গেছেন।

আব্দুস সালামের ভাই আব্দুস সামাদ বলেন, ‘আমার ভাই পেশায় একজন ভূঁষিমাল ব্যবসায়ী ছিলেন। দুপুরের দিকে গ্রাম এলাকায় মাল কিনে বাইসাইকেল চালিয়ে বাড়ি ফিরছিলেন। পথের মধ্যে প্রচন্ড গরমে অসুস্থ হয়ে পড়ে যান। সেখান থেকে তাঁকে দ্রুত মেহেরপুর হাসপাতালে নিয়ে যায়। এরপর চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।’

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া বিষয়টি নিশ্চিত করেছেন। ব্যবসায়ী আব্দুস সালামের মরদেহ পারিবারিকভাবে নিয়ে দাফনের প্রস্তুতি চলছে।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে প্রশিক্ষণ ও সনদপত্র বিতরণ

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে “উন্নয়নে যুব সমাজ”কার্যক্রমের আওতায় “স্বপ্ন আমার উদ্যোক্তা হবো” শীর্ষক দুই দিন ব্যাপী প্রশিক্ষণ ও সনদপত্র বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকালের দিকে গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নে এ

প্রশিক্ষণ ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির সভাপতি মোঃ রমজান আলী, গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ আসাদুজ্জামান, ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি মোঃ আব্দুল লতিফ, সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী মোঃ জামিদুল ইসলাম ও সমৃদ্ধি কর্মসূচির সমাজ উন্নয়ন কর্মকর্তা মোঃ রাকিবুল ইসলাম।

পরে অষ্টম ব্যাচে প্রশিক্ষণ গ্ৰহনকারী ২০০ জনকে প্রশিক্ষণের সনদ প্রদান করা হয়।

মেহেরপুরে বিএনপির প্রার্থী নির্বাচন থেকে সরে দাঁড়ালেন

মেহেরপুর জেলা বিএনপি থেকে বহিস্কৃত বিএনপি নেত্রী রোমানা ইসলাম নির্বাচন থেকে সরে দাঁড়ালেন।

আজ রবিবার (২৮ এপ্রিল) বেলা ১২ টার সময় মেহেরপুর প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলন করে নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন তিনি।

এসময় জেলা বিএনপির সহ-সভাপতি ও সাবেক পৌর মেয়র আব্দুর রহমান, পৌর মহিলা দলের সাংগাঠনিক সম্পাদক সাবেক কমিশনার বেদেনা খাতুন উপস্থিত ছিলেন।

এর একদিন আগে শনিবার (২৭ এপ্রিল) বিএনপির কেন্দ্রীয় কমিটির যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী তাকে বহিষ্কার করেন।

রোমানা ইসলাম মেহেরপুর জেলা বিএনপির সাংগাঠনিক সম্পাদক ও সদর উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান ছিলেন। ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনেও তিনি সদর উপজেলা পরিষদ নির্বাচনের মহিলা ভাইসচেয়ারম্যান পদের প্রার্থী ছিলেন।

লিখিত বক্তব্যে রোমানা ইসলাম বলেন, সঙ্গত কারনে বিএনপি এই

সরকারের অধীনে জাতীয় ও স্থানীয় সরকারসহ সকল পর্যায়ের নির্বাচন বর্জন করেছে। তাই দলীয় সিদ্ধান্তকে সম্মান জানিয়ে আমার প্রার্থীতা প্রত্যাহার ও নির্বাচন বর্জন করলাম।
দলের জাতীয় ও স্থানীয় নেতৃবৃন্দের কাছে ক্ষমা প্রার্থনা করে তার দলীয় পদ ফিরিয়ে দেওয়ারও আবেদন জানান তিনি।

মেহেরপুরে জেলা নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সভা

মউকের উদ্দ্যোগে মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।আজ শনিবার সকাল ১০ টার সময় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

জাতীয় মহিলা সংস্থার সভাপতি শামীম আরা হীরার সভাপতিত্বে সভাটি পরিচালনা করেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

এ সময় নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে বিভিন্ন আলোচনায় অংশগ্রহণ করেন জাতীয় মহিলা সংস্থার সভাপতি শামীম আরা হীরা উপজেলা ভাইসচেয়ারম্যান আবুল হাশেম, গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র ইংরেজি শিক্ষিকা জাকিয়া আক্তার আল্পনা ও বিশিষ্ঠ সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম সহ আরো অনেকে।

সভার কার্যবিবরণী পাঠ করেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা আক্তার। সভায় মেহেরপুর জেলায় বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্যবহুল আলোচনা করে সকল ধরণের নির্যাতিতদের পাশে থেকে এই কমিটি কাজ করার অঙ্গিকার ব্যাক্ত করেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম ও মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সম্মানিত সদস্যগণ।

মেহেরপুরে পথচারী ও দিনমজুরদের শরবত বিতরণ

মেহেরপুরের ওপর দিয়ে বয়ে যাচ্ছে তীব্র তাপপ্রবাহ। এতে অতিষ্ঠ হয়ে পড়েছে জনজীবন। এই তীব্র গরমে একটু স্বস্তি দিতে এবং হিটস্ট্রোক রোধে জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মোঃ মাসুদ রানার উদ্যোগে শরবত বিতরণ করা হয়েছে।

কেন্দ্রীয় ছাত্রলীগের নির্দেশনায় শনিবার (২৭ এপ্রিল) দুপুরে শহরের বিএম মডেল সরকার প্রাথমিক বিদ্যালয়ের সামনে দিনমজুর ও পথচারীদের মাঝে এ শরবত বিতরণ করা হয়।

জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মোঃ মাসুদ রানা জানান, তীব্র গরমে পথচারীদের মাঝে লেবুর শরবত বিতরণ করা হচ্ছে যা ৭ দিন পর্যন্ত চলমান থাকবে। তীব্র গরমে এক গ্লাস লেবুর শরবত পান করতে পেরে খুশি পথচারীরা।

এসময় উপস্থিত ছিলেন মারুফ সুলতান বর্ষন, মোঃ তাফসীরুল ইসলাম, মোঃ শিশির, মোঃ হালিম, মোঃ সাফি, মোঃ রাব্বি প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বৃষ্টির জন্য ইস্তিসকারের নামাজ আদায়

তীব্র গরম থেকে বাঁচতে বৃষ্টির প্রার্থনা করে মেহেরপুরে ইস্তিসকার নামাজ পড়েছেন মুসল্লিরা।

আজ শনিবার (২৭ এপ্রিল) সকাল সাড়ে ৯ টার দিকে মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয় মাঠে দুই রাকাত ইস্তিসকার নামাজ আদায় করা হয়।

নামাজে মহান আল্লাহর কাছে মুসল্লিরা প্রার্থনা করে চলমান আবহাওয়া পরিবর্তন করে বৃষ্টির জন্য প্রার্থনা করেন।
এ সময় মাঠের কৃষক, এলাকার গণ্যমান্য ব্যক্তি ও আপামর জনতা নামাজে অংশগ্রহণ করে বৃষ্টি ও তাপপ্রবাহ থেকে বাঁচাতে সৃষ্টিকর্তার কাছে ফরিয়াদ করেন।



নামাজে ইমামতি করেন জেলা ওলামা পরিষদের সভাপতি শফিকুল ইসলাম ও ও মোনাজাত করেন জেলা ইমাম সমিতির সভাপতি মোঃ রোকনুজ্জামান।

রোজার পর থেকে মেহেরপুরে প্রতিদিনই প্রখর রোদ আর টানা তাপপ্রবাহের সঙ্গে ভ্যাপসা গরমে অতিষ্ঠ হয়ে উঠেছে মানুষসহ প্রাণিকুল।

এমন অবস্থা চলতে থাকলে জনজীবনের পাশাপাশি কৃষকের চাষাবাদের ব্যাপক ক্ষতির আশঙ্কা রয়েছে। এ অবস্থা থেকে বাঁচতে এমন উদ্যোগ নেয়া হয়েছে বলে জানান জেলা জাতীয় ইমাম সমিতি ও জেলা ওলামা পরিষদ।

আমঝুপিতে উপজেলা ডাইলগ সভা ও মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত

শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন উইক ফর এডুকেশন-২০২৪ উদযাপন উপলক্ষে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে গত বুধবার সকাল ১০ টার সময় উপজেলা ডায়লগ সভা ও মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এ সভার আয়োজন করে।

[illegible]

[illegible]

[illegible]

[illegible] Transformative Education! ([illegible])[illegible]

[illegible]

“[illegible]

[illegible]

[illegible]

স্বাক্ষরিত এক পত্রে বহিষ্কারের খবর জানা গেছে।

বহিষ্কারাদেশে বলা হয়েছে, দলীয় নির্দেশনা না মেনে উপজেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করায় দলীয় গঠনতন্ত্র মোতাবেক বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)’র প্রাথমিক সদস্য পদসহ সকল পর্যায়ের পদ থেকে রোমানা আহমেদকে বহিষ্কার করা হলো।

রোমানা আহমেদ মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদকের দায়িত্ব পালন করছিলেন। তিনি মেহেরপুর সদর উপজেলা পরিষদ নির্বাচনে মহিলা ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দীতা করছেন।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন বিষয়টি নিশ্চিত করেছেন।

উল্লেখ্য, আগামি ৮ মে মেহেরপুর সদর উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে।

সাংবাদিক মোহাম্মদ মহসীন কে মেহেরপুর জেলা প্রেস ক্লাব থেকে বহিষ্কার

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সকল পদ থেকে মোহাম্মদ মহসীনকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। গতকাল শুক্রবার সকালে প্রেস ক্লাবের নির্বাহী কমিটির জরুরি সভায় নৈতিক স্থলনের অভিযোগ উঠায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযমের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন সাধারণ সম্পাদক মাহবুব চান্দু, যুগ্ম সম্পাদক আকতারুজ্জামান, কোষাধাক্ষ দিলরুবা খাতুন, দপ্তর সম্পাদক মাসুদ রানা, গণযোগাযোগ সম্পাদক এ সিদ্দিকী শাহিন, সদস্য মোর্তজা ফারুক রুপক।

উল্লেখ্য, আমাদের সূর্যোদয় পত্রিকার সাংবাদিক মোহাম্মদ মহসীন সহ দুই সাংবাদিকের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ তুলে মেহেরপুর সদর থানায় এক ব্যবসায়ী লিখিত অভিযোগ করেন। এছাড়া ওই ব্যবসায়ীর

সাথে চাঁদা নেওয়া ও পরে বিষয়টি জানাজানি হলে তার ফেরত দেওয়ার চেষ্টার ফুটেজ সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে।